

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২৫৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪০১]

৮. কিতাবুস্ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেখানেই নামায পড়া হোক না কেন কিবলামুখী হতে হবে

بَابِ التَّوَجُّهِ نَحْوَ الْقِبْلَةِ حَيْثُ كَانَ

আরবী

[[] عَنْ عَبْد اللَّهِ بِنْ مَسْعُوْدٍ قال صلَّى النَّبِيُّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسلَّمَ قَالَ إِبْرَاهِيمُ لَا أَدْرِي زَادَ أَوْ نَقَصَ فَلَمَّا سلَّمَ قِيلَ لَهُ يَا رَسُولَ اللَّهِ أَحَدَثَ فِي الصَّلَاةِ شَيْءٌ قَالَ وَمَا ذَاكَ قَالُوا صلَّيْتَ كَذَا وَكَذَا فَتَنَى رِجْلَيْهِ وَاسْتَقْبَلَ الْقِبْلَةَ وَسَجَدَ سَجْدَتَيْنِ ثُمَّ سلَّمَ فَلَمَّا ذَاكَ قَالُوا صلَّيْتَ كَذَا وَكَذَا فَتَنَى رِجْلَيْهِ وَاسْتَقْبَلَ الْقِبْلَةَ وَسَجَدَ سَجْدَتَيْنِ ثُمَّ سلَّمَ فَلَمَّا أَقْبَلَ عَلَيْنَا بِوَجْهِهِ قَالَ إِنَّهُ لَوْ حَدَثَ فِي الصَّلَاةِ شَيْءٌ لَنَبَّأْتُكُمْ بِهِ وَلَكِنْ إِنَّمَا أَنَا بَشَرٌ مَثْلُكُمْ أَنْسَى كَمَا تَنْسَوْنَ فَإِذَا نَسِيتُ فَذَكِّرُونِي وَإِذَا شَكَّ أَحَدُكُمْ فِي صَلَاتِهِ فَلْيَتَحَرَّ الصَّوابَ فَلْيُتِمَّ عَلَيْهِ ثُمَّ لِيُسَلِّمْ ثُمَّ يَسْجُدُ سَجْدَتَيْنِ

বাংলা

২৫৮) আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নামায পড়লেন। বর্ণনাকারী ইবরাহীম আলকামা থেকে আর আলকামা ইবনে মাসউদ (রাঃ) থেকে বর্ণনা করে বলেনঃ আমার জানা নেই যে, তিনি নামাযে বাড়িয়েছেন না কমিয়েছেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন সালাম ফিরালেন, তখন বলা হলঃ হে আল্লাহর রাসূল! নামাযে কিছু হয়েছে কি? তিনি বললেনঃ কি হয়েছে? তাঁরা বললেনঃ নামায এত এত রাকআত পড়েছেন। এ কথা শুনে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সাথে সাথে উভয় পা মুড়িয়ে কিবলামুখী হয়ে দু'টি সেজদা দিয়ে সালাম ফিরালেন। সালাম ফিরিয়ে যখন আমাদের দিকে মুখ ফিরিয়ে বসলেন তখন বললেনঃ নামাযে যদি কিছু হত তাহলে অবশ্যই আমি তোমাদেরকে বলতাম। আমি তোমাদের মতই একজন মানুষ। তোমরা যেমন ভুলে যাও, আমিও তেমন ভুলে যাই। সুতরাং আমি যদি ভুল করি তোমরা আমাকে স্মরণ করিয়ে দিও। তোমাদের কেউ যখন নামাযে সন্দেহ করবে সে যেন সঠিক সিদ্ধান্তে পোঁছার চেষ্টা করে। সঠিক সিদ্ধান্তে পোঁছে সে যেন নামায পূর্ণ করে নেয় এবং সালাম ফিরায়। সালাম ফিরানোর পর যেন দু'টি সেজদাহ করে নেয়।

টিকাঃ সন্দেহ থাকা সত্তেবও সঠিক সিদ্বান্তে পৌঁছার পথ হচ্ছে দুই সংখ্যার মধ্যে কম সংখ্যাটিকে ধরে নিয়ে সে অনুযায়ী বাকী নামায পূর্ণ করা। সিজদায়ে সাহু দেয়ার দু'টি পদ্ধতি রয়েছে। একটি হচ্ছে উভয় দিকে সালাম



ফিরিয়ে সাহু সিজদাহ দেয়া, অপরটি হচ্ছে কোন দিকে সালাম না ফিরিয়ে সাহু সিজদাহ দেয়া। আর উভয় অবস্থাতেই সালাম ফিরানো আবশ্যক। এক দিকে সালাম দিয়ে সাহু সিজদাহ করার পক্ষে নিছক যুক্তি ছাড়া কোনই প্রমাণ নেই।

English

[During the obligatory Salat (prayers)] one should face the Qiblah (Kabah at Makkah) wherever one may be

Narrated `Abdullah:

The Prophet (ﷺ) prayed (and the sub-narrator Ibrahim said, "I do not know whether he prayed more or less than usual"), and when he had finished the prayers he was asked, "O Allah's Messenger (ﷺ)! Has there been any change in the prayers?" He said, "What is it?' The people said, "You have prayed so much and so much." So the Prophet (ﷺ) bent his legs, faced the Qibla and performed two prostration's (of Sahu) and finished his prayers with Taslim (by turning his face to right and left saying: 'As-Salamu `Alaikum-Warahmat-ullah'). When he turned his face to us he said, "If there had been anything changed in the prayer, surely I would have informed you but I am a human being like you and liable to forget like you. So if I forget remind me and if anyone of you is doubtful about his prayer, he should follow what he thinks to be correct and complete his prayer accordingly and finish it and do two prostrations (of Sahu).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন